



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১৩- ৯৩

তারিখঃ ২৯ মে ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

লিবিয়ায় ২৬ বাংলাদেশিকে হত্যার ঘটনায় উদ্বেগ

মানবপাচারকারী চক্রের পরিবারের সদস্য কর্তৃক লিবিয়ায় ২৬ বাংলাদেশিসহ ৩০ অভিবাসী শ্রমিককে গুলি করে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ জানায় জাতীয় মানবাধিকার কমিশন। পাশাপাশি হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করে। ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক এবং এর তথ্যানুসন্ধান হওয়া আবশ্যিক। কমিশন উক্ত ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য এবং হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিদের পরিবারের ক্ষতিপূরণের জন্য লিবিয়ার সরকারের সাথে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে যোগাযোগসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানায়। উক্ত মর্মান্তিক ঘটনায় যারা বেঁচে আছেন তাদের চিকিৎসাসহ প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য লিবিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতি আহ্বান জানায় কমিশন।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ